

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
বাজেট শাখা  
ঢাকা

নং: ১৯.০০.০০০০.১১৫.২০.২২৪.১৮-১৮

তারিখঃ ১৯ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়ঃ বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের আর্থিক লেনদেন আইবাসভুক্তকরণের উদ্দেশ্যে আর্থিক ব্যবস্থাপনা পরিদর্শনের নিমিত্ত গঠিত পরিদর্শন দলের আগামী ০৫-১০ মার্চ ২০১৯ তারিখে ভারত ও সংযুক্ত আরব আমিরাত সফরের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন।


নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের আর্থিক লেনদেন আইবাসভুক্তকরণের উদ্দেশ্যে আর্থিক ব্যবস্থাপনা পরিদর্শনের নিমিত্ত একটি পরিদর্শন দল আগামী ০৫-০৭ মার্চ ২০১৯ তারিখে বা এর নিকটবর্তী সময়ে ভারতের নয়াদিল্লী এবং আগামী ০৮-১০ মার্চ ২০১৯ তারিখে বা এর নিকটবর্তী সময়ে সংযুক্ত আরব আমিরাতের আবুধাবি সফর করবেন। উক্ত সফরে পরিদর্শন দলের সদস্য হিসেবে দায়িত্ব পালনের জন্য নিম্নে বর্ণিত কর্মকর্তাগণের ভারত ও সংযুক্ত আরব আমিরাত সফরের সরকারী প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

ক্রমিক	নাম	পদবী ও কর্মস্থল
০১।	জনাব এ কে এম মিজানুর রহমান	এস এ এস সুপারিনটেনডেন্ট প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক) এর কার্যালয়
০২।	জনাব রবীন্দ্র চন্দ্র দাস	অডিটর প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক) এর কার্যালয়

০২। উক্ত ভ্রমণ নিম্নবর্ণিত শর্তে সম্পন্ন করতে হবেঃ

- (ক) উক্ত সফরের জন্য আপনি ০৪ মার্চ ২০১৯ বা এর নিকটবর্তী সময়ে নয়াদিল্লীর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং সফর সমাপ্তে ১১ মার্চ ২০১৯ তারিখ বা এর নিকটবর্তী সময়ে সংযুক্ত আরব আমিরাত থেকে ঢাকায় প্রত্যাবর্তন করবেন;
- (খ) বর্ণিত সফরকালীন আপনি সরকারী কাজে কর্মরত আছেন বলে গণ্য হবেন এবং বেতন ও ভাতার কোনো অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবে না;
- (গ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- (ঘ) উক্ত সফরের ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৮-১৯ অর্থবছরের প্রাতিষ্ঠানিক কোড '১১৮০১০১১০৪১২৫' এর অর্থনৈতিক কোড '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' থেকে সংকুলান করা হবে;
- (ঙ) সফর শেষে ০৩ (তিন) সপ্তাহের মধ্যে পরিদর্শনের উদ্দেশ্য পূরণকল্পে কর্মপরিচয় প্রণয়ন ও বাস্তবায়নের পূর্ণাঙ্গ সুপারিশমালা সংবলিত প্রতিবেদন অত্র মন্ত্রণালয়ে দাখিল করবেন;

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
১৯/০২/১৯  
মোঃ সামাউন খালিদ  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৫৪৬৪৩

অনুলিপিঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)

- ০১। পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।  
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
০৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২তলা সরকারী ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
০৪। মহাপরিচালক (প্রশাসন/দক্ষিণ এশিয়া/পশ্চিম এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।  
০৫। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/অর্থ/সংস্থাপন)  
০৬। দূতালয় প্রধান (বাংলাদেশ হাইকমিশন, নয়াদিল্লী/বাংলাদেশ দূতাবাস, আবুধাবি)  
০৮। সহকারী সচিব (আইসিটি) (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)  
০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা (বহিরাগমন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা  
১০। অফিস কপি